# Respectful

2021

Founded in 1998, lululemon's purpose is to elevate the world by realizing the full potential within every one of us. This includes the workers who make our products. The Vendor Code of Ethics outlines our unwavering commitment to contributing to healthy communities by fostering respectful and inclusive workplaces.

This Code is based on international standards, such as the International Labour Organization's Declaration on Fundamental Principles and Rights at Work, the Universal Declaration of Human Rights, the United Nations Guiding Principles, the OECD Due Diligence Guidance for Responsible Supply Chain in the Garment and Footwear sectors  and those of the Fair Labor Association, to which we are affiliated as a Participating Company. A commitment to these internationally recognized principles is the starting point.

These are our minimum standards that we expect all of our Vendors to comply with, and we will work with our Vendor partners to ensure they are upheld. Requirements in this Code apply to owned facilities as well as subcontractors, and upstream suppliers. Where differences or conflicts in standards arise between this Code and national or local regulations, the strictest standard applies.

This Code is complemented by compliance benchmarks. If we find that a Vendor is not in compliance with this Code and benchmarks, we will require immediate attention to corrective action. Compliance with the Vendor Code of Ethics is a condition to start and maintain a business relationship with lululemon.

lululemon | ভেন্ডর আচরণবিধি

# সৎ
# শ্রদ্ধাশীল
# নিরাপদ
# স্বাস্থ্যকর
# অন্তর্গত
# খোলা
# স্বচ্ছ

## নিরাপদ ও সুস্থ কর্মী ও কমিউনিটিসমূহ

### স্বাস্থ্য এবং নিরাপত্তা

কাজ করার সময় অথবা ভেন্ডরের মেশিনারিজ চালনার ফলে সৃষ্ট, উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট, বা উক্ত কাজ করা কালীন ঘটা দুর্ঘটনা ও আঘাত রোধে ভেন্ডর নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মক্ষেত্র এবং আবাসিক সুবিধা প্রদান করবেন। শ্রমিকদের পর্যাপ্ত স্বাস্থ্য ও সুরক্ষা প্রশিক্ষণ, পরিষ্কার ওয়াশরুম এবং পানীয় জলের সুবিধা এবং পরিষ্কার ও নিরাপদ আবাসিক সুবিধা থাকতে হবে যা তাদের মৌলিক চাহিদা পূরণ করে।

### পরিবেশ সচেতনতা

ভেন্ডরদেরকে পরিবেশের উপর ও আশেপাশের কমিউনিটির উপর তাদের কর্মকান্ডের নেতিবাচক প্রভাবসমূহ হ্রাস করতে হবে এবং Lululemon ভেন্ডর পরিবেশ সম্পর্কিত ম্যানুয়াল অনুসারে তাদের কারখানায় ব্যবহৃত কেমিক্যাল এবং বর্জ্য পানি ব্যবস্থাপনার জন্য নীতি ও প্রক্রিয়া থাকতে হবে।

## সততাপূর্ণ যোগাযোগ

### উদার, স্বচ্ছ ও সহযোগিতা সম্পন্ন মনোভাব পোষণ

ভেন্ডরের কর্মকাণ্ড থেকে নেতিবাচক প্রভাব হ্রাস করতে এবং শ্রমিক, পরিবেশ বা আশেপাশের কমিউনিটির জীবনকে প্রভাবিত করতে পারে এমন সমস্যাগুলো সমাধান করতে সক্রিয়ভাবে ও নিয়মিতভাবে ভেন্ডর এবং Lululemon সহযোগিতা করবে ও একসাথে কাজ করবে। ভেন্ডরগণ অননুমোদিত সাবকন্ট্রাক্ট বা হোমওয়ার্ক ব্যবহার করবেন না এবং কোনো অডিট বা তদন্তে সম্পূর্ণরূপে সহযোগিতা করার জন্য ভেন্ডরদের অবশ্যই Lululemon বা এর তৃতীয় পক্ষের প্রতিনিধিদের সহযোগিতা প্রদান করতে হবে।

### কার্যকর অভিযোগ মীমাংসা পদ্ধতি

ভেন্ডর এমন কিছু প্রক্রিয়া বাস্তবায়ন করবেন যার ফলে কর্মীগণ আত্মবিশ্বাসের সাথে প্রতিশোধ বা প্রতিহিংসার ভয় ব্যতিত গোপনে, নাম পরিচয় গোপন রেখে এবং / অথবা সরাসরি কর্মক্ষেত্র বিষয়ক অভিযোগ পেশ করতে ও সমাধানের সুযোগ লাভ করতে পারেন। পদ্ধতিটি সমস্ত কর্মীকে পরিষ্কারভাবে জানাতে হবে। ভেন্ডরগণ অবিলম্বে কর্মীদের উদ্বেগের বিষয়ে সাড়া দিবেন।

### ন্যায় নীতির সাথে কাজ করা

ভেন্ডর কোনো সুবিধা লাভের জন্য চাঁদাবাজি, ঘুষ বা ক্ষমতার অপব্যবহার সহ সকল প্রকার দুর্নীতি এড়িয়ে চলবে।

### শ্রমিকগণ ওয়াকিবহাল থাকবেন

ভেন্ডর প্রধান প্রধান সমস্ত জায়গায় এবং আবাস স্থলে কর্মীদের ভাষায় এই আচরণবিধিটি দৃশ্যমান রাখবেন এবং কর্মীদের অবশ্যই এর বিষয়বস্তু সম্পর্কে প্রশিক্ষণ দিবেন।

## একে অপরের প্রতি শ্রদ্ধাশীল এবং অন্তর্ভুক্তিমূলক কর্মক্ষেত্র

### শিশু শ্রম ব্যবহার বা শিশুদের দিয়ে কাজ করানো যাবে না

ভেন্ডর, ন্যূনতম 15 বছর, বাধ্যতামূলক শিক্ষার বয়স অথবা স্থানীয় আইন অনুসারে নির্ধারিত করে দেয়া বয়সের কম বয়সী কোন শ্রমিককে কাজে নিয়োগ করতে পারবে না। 18 বছরের কম বয়সী শ্রমিকগণ যেকোনো ওভারটাইম, নাইট শিফট, বিপজ্জনক কাজ করা থেকে সুরক্ষিত থাকবে এবং তাদের কাজ আইনী শর্তাদি এবং বেস্ট প্র্যাকটিস অনুসারে নির্ধারিত মেনে চলবে।

### হয়রানি, নির্যাতন এবং শাস্তিমূলক ব্যবস্থা

ভেন্ডর প্রত্যেক কর্মীর সাথে শ্রদ্ধা ও মর্যাদার সাথে আচরণ করবেন। কর্মক্ষেত্রে মৌখিক, মনস্তাত্ত্বিক, শারীরিক বা যৌন হয়রানি, নির্যাতন, হুমকি বা ভয় দেখানোর কোনো সুযোগ নেই বা তা সহ্য করা হবে না।

### ক্ষতিপূরণ ও সুযোগ-সুবিধা

ভেন্ডর নিশ্চিত করবেন যে, প্রতিটি শ্রমিক তার নিয়মিত সাপ্তাহিক কাজের জন্য পারিশ্রমিক পাওয়ার অধিকার ভোগ করছেন এবং উক্ত পারিশ্রমিক শ্রমিকের মৌলিক চাহিদা মেটাতে এবং কিকিছু বাড়তি আয়ের ব্যবস্থা করার জন্য যথেষ্ট। শ্রমিকদের কমপক্ষে মজুরি বা যথাযথ প্রচলিত মজুরির মধ্যে যেটি বেশি তা প্রদান করতে হবে, এবং ওভারটাইমের জন্য প্রিমিয়াম হারে পারিশ্রমিক প্রদান করতে হবে। ভেন্ডরগণকে অবশ্যই মজুরি সম্পর্কিত সমস্ত আইনী বাধ্যবাধকতাসমূহ মেনে চলতে হবে এবং আইন, চুক্তি বা বৈশ্বিক বেস্ট প্র্যাকটিস অনুযায়ী প্রয়োজনীয় সকল সুযোগ সুবিধা প্রদান করতে হবে। যেখানে পারিশ্রমিকের দ্বারা শ্রমিকদের মৌলিক চাহিদা পূরণ হয়না এবং কিছু বিবেচনামূলক আয় থাকেনা, সেক্ষেত্রে প্রতিটি ভেন্ডরকে পারিশ্রমিকের যে স্তর দ্বারা শ্রমিকদের মৌলিক চাহিদা পূরণ হয় ও কিছু বাড়তি আয়ের সুযোগ থাকে পর্যায়ক্রমে সেই স্তর উপলব্ধি করতে যথাযথ পদক্ষেপ নিতে Lululemon এর সাথে কাজ করতে হবে। জাতীয় আইন ও বিধিসমূহের শর্তাদি অনুসারে নারী কর্মীগণ অবশ্যই প্রসূতি সুরক্ষা - ছুটি ও সুযোগ সুবিধার পাশাপাশি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা পাওয়ার অধিকার ভোগ করবেন।

### সংগঠনের সদস্য হওয়া এবং সংঘবদ্ধভাবে চুক্তি বা আলোচনার স্বাধীনতা

কর্মীদের নিজস্ব পছন্দ অনুসারে সমিতিতে যোগদান ও সংগঠিত হওয়ার অধিকারকে এবং ভেন্ডরদের হস্তক্ষেপ মুক্ত সম্মিলিত দর কষাকষির অধিকারকে ভেন্ডরগণ স্বীকৃতি দিবেন ও সম্মান জানাবেন। আইনের অধীনে যেখানে অ্যাসোসিয়েশনের স্বাধীনতা এবং সম্মিলিত দর কষাকষির অধিকার সীমাবদ্ধ রয়েছে, ভেন্ডরগণ স্বাধীন অ্যাসোসিয়েশন এবং সম্মিলিত দর কষাকষির ক্ষেত্রে সমান্তরাল উপায়ের বিকাশকে সহজতর করবেন এবং অবশ্যই কোনোরূপ বাধাগ্রস্ত করবেন না।

### কর্মসংস্থান সংক্রান্ত সম্পর্ক

বিক্রেবিক্রেতা কর্মসংস্থান সম্পর্কিত সেসব নীতি ও শর্তাদি মেনে চলবেন যেসব নীতি ও শর্তাদি শ্রমিকদের প্রতি সম্মান রাখে এবং অন্ততপক্ষে জাতীয় ও আন্তর্জাতিক শ্রম ও সামাজিক সুরক্ষা আইন ও বিধিবিধানে থাকা তাদের অধিকারসমূহ রক্ষা করে।

### স্বাধীনভাবে কর্মসংস্থান নির্বাচন

রিক্রুটমেন্ট, নিয়োগ বা চাকরিতে ভেন্ডর/নিয়োগকর্তা শ্রম বাধ্যতামূলক করতে পারবেন না। যার মধ্যে রয়েছে কিন্তু এইগুলোতেই সীমাদ্ধ নয়, বাধ্যতামূলক ওভারটাইম, মানব পাচার, কারাগার শ্রম, শর্তসাপেক্ষ দাসত্ব অথবা বন্ডসহ করা শ্রমিক ইত্যাদি।

### কোনো বৈষম্য নয়

ভেন্ডর নিয়োগ ও কর্মসংস্থানের কোনো বিষয়ে বৈষম্যমূলক আচরণ করবেন না। নিয়োগ, বেতন, বিভিন্ন সুযোগ-সুবিধা, পদোন্নতি, প্রশিক্ষণ, কাজ বরাদ্দ, বা অবসর গ্রহণ সহ সব ক্ষেত্রে সকল কর্মী চাকরিতে সমান অধিকার ভোগ করবেন এবং কর্মীগণ তাদের বর্ণ, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, ধর্ম, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, জাতিগত উৎস, বর্ণ, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, প্রতিবন্ধীতা, অসুস্থতা, গর্ভাবস্থা, বয়স, ভাষা, সামাজিক উৎস, অভিবাসন স্ট্যাটাস, শ্রমিক সংগঠনের সদস্য হওয়া বা শ্রমিক সংগঠনের প্রতি সহানুভূতি থাকা, এছাড়াও ইউনিয়নের সাথে সম্পর্ক, রাজনৈতিক সম্পর্ক বা বিশ্বাস, অন্য কোনো ব্যক্তিগত বৈশিষ্ট্য, সামাজিক গোষ্ঠী, প্রোটেক্টেড স্ট্যাটাস বা অন্য কোনো পরিচয়ের জন্য শাস্তি বা চাকরি চ্যুতির বিষয়ে বৈষম্যের শিকার হবেন না।

### কর্মঘণ্টা এবং ওভারটাইম

ভেন্ডর শ্রমিকদেরকে সপ্তাহে স্বাভাবিক কর্মঘণ্টা হিসেবে 48 ঘণ্টার বেশি কাজ করাবেন না। শ্রমিকগণ স্বেচ্ছায় অতিরিক্ত সময় ওভারটাইম হিসেবে কাজ করবেন, যার জন্য প্রিমিয়াম হারে পারিশ্রমিক প্রদান করতে হবে এবং নিয়মিত ওভারটাইমের জন্য অনুরোধ করা যাবেনা। ভেন্ডরগণ শ্রমিকদের বিশ্রাম নেওয়ার জন্য অবশ্যই প্রতি সাত দিনে কমপক্ষে একটানা 24 ঘণ্টা সময় দিবেন, পাশাপাশি বিধিবদ্ধ ছুটি এবং হলিডে প্রদান করবেন। অস্বাভাবিক পরিস্থিতির বাইরে ভেন্ডরগণ অবশ্যই ওভারটাইম সহ শ্রমিকদের কর্মঘণ্টা সপ্তাহে 60 ঘণ্টা বা স্থানীয় আইনী সীমার মধ্যে যেটি কম তার সীমা অতিক্রম করবেন না। জাতীয় আইন ও বিধি মোতাবেক বিরতির সময়কে অবশ্যই সম্মান করতে হবে।

**কর্মক্ষেত্রে এই আচরণবিধিটি যদি মেনে চলা না হয় তাহলে অনুগ্রহ করে আপনার পছন্দের ভাষায় সরাসরি আমাদের সাথে sustainablepartner@lululemon.com ঠিকানায় যোগাযোগ করুন**